সমকাল

তারিখ : 29 OCT 2016
পৃষ্ঠা 6 কলাম 1

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সময়সূচি চূড়ান্ত

■ রংপুর অফিস

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি চূড়ান্ত করা হয়েছে। গতকাল উপাচার্য অধ্যাপক ড. একেএম নূর-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সিদ্ধান্ত অনুযায়ী, কলা অনুষদভুক্ত 'এ' ইউনিটের পরীক্ষা মোট চার শিফটে আগামী ১৩ নভেম্বর সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায়, দুপুর ২টায় এবং বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে। সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটের পরীক্ষা মোট চার শিফটে আগামী ১৪ নভেম্বর সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায়, দুপুর ২টায় এবং বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে। বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'সি' ইউনিটের পরীক্ষা দুই শিফটে আগামী ১৫ নভেম্বর সকাল ৯টায় এবং বেলা সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে। বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের পরীক্ষা মোট তিন শিফটে আগামী ১৬ নভেম্বর সকাল ৯টায়, বেলা সাড়ে ১১টায় এবং দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ই' ইউনিটের পরীক্ষা দুই শিফটে আগামী ১৭ নভেম্বর সকাল ৯টায় এবং বেলা সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে। জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত 'এফ' ইউনিটের পরীক্ষা মোট দুই শিফটে আগামী ১৭ নভেম্বর দুপুর ২টায় এবং বিকেল ৪টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এ-সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.brur.ac.bd অথবা http://brur.teletalk.com.bd) থেকে আগামী ৬ নভেম্বর থেকে ডাউনলোড করা যাবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় তথ্য কর্মকর্তা মোহাম্মদ আলী।